দৈনিক ইত্তেফাক

তারিখ ..27 FEB 1990 ...
পৃষ্ঠা... ..2... কলাম ...9...

## শিক্ষক নিয়োগ প্রসঙ্গে

সম্প্রতি দেশের বিভিন্ন সরকারী বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রকাশিত হইয়াছে। বিজ্ঞপ্তিতে শুধুমাত্র প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের সুযোগ দানের কথা উল্লেখ আছে। কিন্তু বর্তমানে দেশের ১০টি শিক্ষক প্রশিক্ষণ কলেজে হাজার হাজার শিক্ষক বি,এড, কোর্সে রহিয়াছেন, যাহা আগামী ২রা জুন সমাপ্ত হইবে। উক্ত চাকুরীতে প্রশিক্ষণরত শিক্ষক-দের কেহই সুযোগ পাইতেছেন না। যদি উক্ত নিয়োগ কিছু-দিন বিলম্বিত করিয়া ঐ সকল শিক্ষককে সুযোগ দান করা হইত অথবা প্রশিক্ষণার্থীদের ন্যূনপক্ষে আবেদনের সুযোগ দেওয়া হইত, তাহা হইলে সর্বস্তরের শিক্ষকরা সুযোগ গ্রহণ করিতে পারিতেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি বিবেচনা করিবেন বলিয়া আশা রাখি।

—হরিলাল দেবনাথ, শিক্ষক প্রশিক্ষণ কলেজ, কোটবাড়ী, কুমিল্লা।

15